

গোপন

তোমাদের প্রশ়ংস্যের থেকে আমি ছিল হয়ে পড়ি
তোমাদের বঞ্চনায় ঠাঁই নিই ক্লাস্ট, কৃশকায়
তোমাদের পাতা থেকে খসে পড়ি শুকনো পাতা প্রায়
বাবে যাই স্মৃতি থেকে একেবাবে স্মৃতির মতন

আমি যদি অক্ষরের মধ্য দিয়ে হেঁটে যাই রোজ
আমি যদি রোজ যাই একা একা পথের কিনারে
আমাকে বোরো না তবু আমি সেই মুখচোরা লেখা
যে পাঠক মূল্য দেয়, তাকে আমি কখনও চিনি না

এমনও গোপন আছে, যা তোমার ও আমার কাছে
এখনও গোপন, তাকে জানে শুধু এক অঙ্ককার
এমনও অদৃশ আছে, যাকে শুধু অঙ্ককার ছাড়া
গোপনও করে না কেউ যে প্রায় দশ্মের মতো একা

এ এমনই অহংকারী, তুমি তাকে শুধু সহ্য ক'রে
থাকতেই পারবে না, তুমি স্বাভাবিক, সামাজিক লোক
তবুও জানো না, তুমি ঘুমোও, বা একা জেগে থাকো
সে কবিতা, সেই ঢোক লক্ষ্য রাখছে তোমার উপরে!

যশোধরা রায় চৌধুরী

